গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

**নম্বর:** ১৪.০০.০০০০.০০০.০০১.১৮.০০০৬.১৮.৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

মন্ত্রিপরিষদ বিভাগের ০৬.১১.২০২৫ তারিখের ০৪.০০.০০০০. ৮৩৩.০০২.২০.১০০ সংখ্যক প্রজ্ঞাপনের আলোকে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ, জবাবদিহিমূলক, কাগজবিহীন, উপাত্তনির্ভর আন্তঃসংযুক্ত, আন্তঃচালিত এবং সমন্বিত সরকার ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-এর 'ইনোভেশন টিম' পুনর্গঠন করা হলো।

(ক) কমিটি গঠন:

| ক্রম | নাম ও পদবী | মনোনয়নের ধরণ |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন) | চিফ ইনোভেশন অফিসার |
| ২. | যুগ্মসচিব (পরিকল্পনা) | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (বাজেট ও সুশাসন) | সদস্য |
| ৪. | উপসচিব (ডাক-২) | সদস্য |
| ৫. | উপসচিব (পরিকল্পনা-১) | সদস্য |
| ৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (কোম্পানি-২) | সদস্য |
| ৭. | প্রোগ্রামার, আইসিটি সেল | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধিঃ

১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে গুণগত পরিবর্তন আনা;
২. বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মাসিক সমন্বয় সভায় অনুমোদন ও বাস্তবায়ন;
৩. ত্রৈমাসিক সভা আয়োজন, কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
৪. সংশ্লিষ্ট সকল স্তরের ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয়;
৫. প্রতি বছর পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ;
৬. সৃজনশীল সংস্কৃতি গড়ে তোলা, প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যদের কর্মস্পৃহা বৃদ্ধি;
৭. ডিজিটাইজেশনযোগ্য সেবা অনলাইনে প্রক্রিয়াকরণে নাগরিকের ভোগান্তি হ্রাস;
৮. ই-পার্টিসিপেশন বৃদ্ধি, ডিজিটাল বৈষম্য হ্রাস ও সহায়ক সেবা উন্নয়ন;
৯. নাগরিকসেবা সহজীকরণে বিদ্যমান ব্যবস্থার সংস্কার;
১০. অভিযোগ প্রতিকার ব্যবস্থার ব্যবহার বাড়াতে অধীনস্থ দপ্তরকে সহায়তা;
১১. দপ্তরের তথ্য হালনাগাদ ও ওয়েবসাইট নিয়মিত আপডেট;
১২. ডিজিটাল সেবার তালিকা ও সিটিজেন চার্টার ওয়েবসাইটে দৃশ্যমানভাবে উপস্থাপন;
১৩. নথি, প্রতিবেদনসহ কার্যক্রম অনলাইনে সম্পাদন এবং সরকারি ই-মেইল ব্যবহারে উৎসাহ;
১৪. আইসিটি, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, অ্যানালাইটিক্স ও উদ্ভাবনী কার্যক্রমের সম্প্রসারণ; ডাটা সেন্টারে

সংরক্ষণ এবং ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিতকরণ;
১৫. উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন ও ইনোভেশন শোকেজিং আয়োজন;
১৬. সফল পাইলট উদ্যোগ স্কেল-আপ এবং টেকসই বাস্তবায়নে তদারকি;
১৭. অন্যান্য সংস্থার উত্তম চর্চা অনুসন্ধান, প্রয়োজনে গ্রহণ; নতুন সিস্টেম তৈরির পরিবর্তে বিদ্যমান সিস্টেম ব্যবহারে অগ্রাধিকার;
১৮. সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ, সফটওয়্যার সোর্স কোড গ্রহণ ও সুরক্ষা এবং টেস্টিং সার্টিফিকেশন নিশ্চিতকরণ;
১৯. ইন্টিগ্রেশন/ইন্টারঅপারেবিলিটি নিশ্চিত করতে সরকারি নির্দেশনা অনুযায়ী সিস্টেম উন্নয়ন ও ডাটা ব্যবস্থাপনা;
২০. আইসিটি সংক্রান্ত আইন, নীতিমালা ও পরিপত্র অনুসারে কার্যক্রমকে মানসম্মত করা ;
২১. ই-গভর্নেন্স বাস্তবায়নে ভিডিও টিউটোরিয়ালভিত্তিক প্রশিক্ষণ পরিকল্পনা ও বাস্তবায়ন;
২২. ই-গভর্নেন্স কার্যক্রম প্রচার এবং নাগরিক অংশগ্রহণ নিশ্চিতকরণ;
২৩. আইসিটি বাজেট প্রস্তুত, প্রকল্প গ্রহণ, অর্থায়ন নিশ্চিতকরণ, অগ্রগতি মূল্যায়ন ও মাসিক সভায় উপস্থাপন;
২৪. তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় ।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১৪.০০.০০০০.০১১.০৬.০০১.১৭.১১০৬ - ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম এর সভা সংক্রান্ত।

(২) প্রজ্ঞাপনের কপি

০১-০১-২০২৬
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
০২ ৯৫১৪৪৪৯ (ফোন)
০২ ৯৫১৫৫৯৯ (ফ্যাক্স)
admin1@ptd.gov.bd

নম্বর: ১৪.০০.০০০০.০০০.০০১.১৮.০০০৬.১৮.৩/১ (১০)

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩। যুগ্মসচিব, যুগ্মসচিব (পরিকল্পনা উইং), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৪। যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। যুগ্মসচিব, যুগ্ম সচিব (বাজেট ও সুশাসন)- এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। উপসচিব, ডাক-২ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৮। উপসচিব, কোম্পানি-২ অধিশাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৯। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

০১-০১-২০২৬
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)